প্রকাশনার ৩১ বছর

মুক্ত চিন্তার দৈনিক

# আজকালের খবর

The Daily Ajkaler khobor www.ajkalerkhobor.com

সোমবার ▌ ঢাকা ▌ ২৯ সেপ্টেম্বর ২০২৫ ▌ ১৪ আশ্বিন ১৪৩২ ▌ ৬ রবিউস সানি ১৪৪৭ ▌ রেজি. নং ডিএ-৩০১২ ▌ বর্ষ ৩১ সংখ্যা ২৫৪ ▌ ১২ পৃষ্ঠা ৭ টাকা







## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১' এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী আহম্মেদপুর ডিগ্রী কলেজ, বড়াইগ্রাম, নাটোর এ শুন্য পদে নিম্নে উল্লেখিত পদ সমূহে আগ্রহী প্রার্থীদের আবেদন করার জন্য বলা হলো। পদের নাম ১) অফিস সহকারী কাম-হিসাব সহকারী, (একজন) শিক্ষাগত যোগ্যতা : শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা)/সমমান। কম্পিউটার অপারেটিং- এ দক্ষতা থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহনযোগ্য হবে না।, গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/-। ২) নৈশপ্রহরী (একজন) জে.এস.সি/জেডিসি/ সমমান পাশ। গ্রেড-২০, ৮২৫০-২০০১০/-।৩) পরিচ্ছন্নতা কর্মী (একজন), জে.এস.সি/জেডিসি/ সমমান পাশ। গ্রেড-২০, ৮২৫০-২০০১০/-।৪) আয়া (একজন), জে.এস.সি/জেডিসি/ সমমান পাশ। সকল পদে অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা : অনুর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়স সীমা শিথিলযোগ্য)। সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি সত্যায়িত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি, সকল পদের জন্য ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূল কপি এবং প্রয়োজনীয় সকল কাগজপত্র সহ আগ্রহী প্রার্থীরা বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর সরাসরি বা ডাক যোগে অফিস চলাকালীন সময়ে আবেদন পৌছানোর জন্য বলা হলো। পুর্বের আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

সিপি-৬২৩/২৫(২.৫" × ২)

-অধ্যক্ষ।

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

আমি সরদার মোহাম্মদ, পিতাঃ মৃতঃ সেকেন্দার আলী সরদার, গ্রামঃ সুন্দরদী, পোস্টঃ টরকী বন্দর, থানাঃ গৌরনদী, জেলাঃ বরিশাল। আমি বিগত দীর্ঘ বছর ধরে একজন সৌদি প্রবাসী। আমার বিরুদ্ধে গত ২৪ শে সেপ্টেম্বর থেকে ২৮ শে সেপ্টেম্বর পর্যন্ত কয়েকটি জাতীয়, আঞ্চলিক পত্রিকার সহ অনলাইন নিউজ পোর্টালে "আবারও সেই মব! পুলিশ নিরুপায়?" শিরোনামে যে সংবাদটি প্রকাশিত হয়েছে আমি তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। আমাকে জড়িয়ে যে খবর প্রকাশিত হয়েছে তা সম্পূর্ণ ভুয়া, বানোয়াট ও উদ্দেশ্য প্রণোদিত। কে বা কাহারা উদ্দেশ্য প্রণোদিত ভাবে আমার প্রবাস জীবন, যেহেতু আমি আমার ছাত্র জীবনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দলের এবং বর্তমানে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের রাজনীতির সাথে সম্পৃক্ত রয়েছি তাই আমার রাজনৈতিক জীবনের ভাবমূর্তি নষ্ট করা, আমাকে সামাজিক ও মানসিকভাবে হেয় প্রতিপন্ন করার চেষ্টা চালিয়ে সাংবাদিকদের কাছে মিথ্যে তথ্য দিয়ে আমার বিরুদ্ধে যে সংবাদটি বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত করেছে, আমি তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। পাশাপাশি সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে আইনগতভাবে ব্যবস্থা গ্রহনের মধ্যে আমার বিরুদ্ধে মিথ্যা অপপ্রচারের ন্যায্য বিচারের জোর দাবী জানাচ্ছি।

সিপি-৬২২/২৫(২.৫" × ২) -সরদার মোহাম্মদ, পিতাঃ মৃতঃ সেকেন্দার আলী সরদার

## হারিয়েছে

আমার এসএসসি পাসের মূল সাটিফিকেট হারিয়েছে। যাহার রেজিস্ট্রেশন নাম্বার ১৭১৭৮২২১৬১ রোল নাম্বার ২৫৭১৬৫ শিক্ষাবর্ষ ২০১৮-১৯ বিভাগ- বিজ্ঞান, শিক্ষাবোর্ড দিনাজপুর। তেঁতুলিয়া মডেল থানায় জিডি নং ১১৪৬ তারিখ- ২৩/০৯/২৫ ইং।

সিপি-৬২১/২৫(১.৫" × ১) মো. নাজির হোসেন

## ড্রাগ লাইসেন্স হারিয়েছে

সিংড়া থানাধীন জামতলী বাজারে অবস্থিত আমার মেসার্স এ.জে ফার্মেসী নামক ব্যবসা প্রতিষ্ঠানের ড্রাগ লাইসেন্স হারিয়েছে। যার নং- নাট-০১৫০৫, তারিখ- ০৭/০৬/২০১৫ইং, সিরিয়াল নং- ০৮১৩৩৬, জাতীয় পরিচয়পত্র নং- ৫৫০৮০৬৯২৪১, সিংড়া থানা জিডি নং-১৪৩২, তাং- ২৭/০৯/২০২৫ ইং।

নিবেদক-মোঃ আব্দুল জলিল
মেসার্স এ.জে ফার্মেসী

সিপি-৬২০/২৫(২" × ১) সিংড়া, নাটোর।

## হারিয়েছে

আমি তাহসিন মীর্জা, পিতাঃ মীর্জা এজাজ আহম্মেদ, মাতাঃ মিসেস আঞ্জুয়ারা বেগম, গ্রামঃ ঘিওর, থানাঃ ঘিওর, জেলাঃ মানিকগঞ্জ। আমার নিজ নামীয় এস.এস.সি পরীক্ষার মুল নম্বরপত্র (মার্কশীট) হারিয়েছে যাহার রেজিঃ নং- ২২১০৩৯৯২৩০, রোল নং- ১৪৫৪৫১, শিক্ষাবর্ষ- ২০২৩-২৪, বোর্ড- কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। জিডি নং- ১০৩৭, তাং- ২৭/০৯/২০২৫ইং, ঘিওর থানা, মানিকগঞ্জ।

সিপি-৬২৪/২৫(২" × ১) বিনীত-তাহসিন মীর্জা

Government of the People's Republic of Bangladesh
Office of the Assistant Director
Fire Service and Civil Defence
Bandarban Hill District.
Phone : 02333302177 & Fax : 02333302861
E-mail: adbbn@fireservice.gov.bd / fscdadbandarban@gmail.com

Memo No.-58.03.2003.009.09.003.25-1307 Date:- 25 /09/2025

Notice : GR Tender 2025-2026 (OTM)

## অভিবাসন কেন্দ্রের সুরক্ষায় পোর্টল্যান্ডে সেনা মোতায়েনের নির্দেশ ট্রাম্পের

● আন্তর্জাতিক ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি ওরেগনের পোর্টল্যান্ডে সেনা মোতায়েনে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীকে নির্দেশ ও 'দেশি সন্ত্রাসীদের' হাত থেকে কেন্দ্রীয় অভিবাসন কেন্দ্রগুলোকে সুরক্ষা দিতে 'প্রয়োজনে, পূর্ণ শক্তি' ব্যবহারের অনুমতি দিচ্ছেন। ডেমোক্র্যাট-নেতৃত্বাধীন নতুন আরেকটি শহরে সেনা নামানোর আদেশ দিয়ে শনিবার সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্টে ট্রাম্প বলেছেন, তিনি 'যুদ্ধবিধ্বস্ত পোর্টল্যান্ডে অ্যান্টিফা ও অন্যান্য দেশি সন্ত্রাসীদের হাতে আক্রান্ত আইসিই (অভিবাসন ও শুল্ক কার্যকর) কেন্দ্রগুলোকে রক্ষায় প্রয়োজনীয় সেনা সরবরাহে' প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথকে নির্দেশনা দিয়েছেন।

এর প্রতিক্রিয়ায় পোর্টল্যান্ডের মেয়র কিথ উইলসন বলেছেন, পোর্টল্যান্ড কিংবা যে কোনো আমেরিকান শহরে প্রয়োজনীয় সেনার সংখ্যা হচ্ছে শূন্য। প্রেসিডেন্ট এখানে কোনো অরাজকতা বা সহিংসতা পাবেন না, যদি না তিনি নিজেই এগুলো করার ফন্দি আঁটেন। ওরেগন অন্যান্য কর্মকর্তার মতো কিথও সামাজিক যোগাযোগমাধ্যমেই ট্রাম্পের আদেশের কথা জানতে পারেন বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

পোর্টল্যান্ডে এ বছরের প্রথম ছয় মাসে সহিংস অপরাধের পরিমাণ অনেক কমেছে বলে তথ্য উপাত্তে দেখা যাচ্ছে। হত্যাকাণ্ডের পরিমাণ গত বছরের একই সময়ের তুলনায় ৫১ শতাংশ কমেছে বলে মেজর সিটিজ চিফস এসোসিয়েশন প্রকাশিত মিডইয়ার ভায়োলেন্ট ক্রাইম রিপোর্টে দেওয়া প্রাথমিক তথ্যে দেখা যাচ্ছে। ওই প্রতিবেদনে বলা হয়েছে, পোর্টল্যান্ডে এ সময়ের মধ্যে ১৭টি হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে, জনসংখ্যা হিসেবে তুলনীয় টেনেসির মেমফিসে ও কেন্টাকির লুইসভিলে একই সময়ে হত্যাকাণ্ড হয়েছে যথাক্রমে ১২৪ ও ৫৬টি। শনিবার এক সংবাদ সম্মেলনে ওরেগনের ডেমোক্র্যাট গভর্নর টিনা কোটেক সেনা